**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা**
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৫২২.১২৫.০৪.১৬-১২৯

২৮ কার্তিক ১৪২৬
তারিখ:----------------------
১৩ নভেম্বর ২০১৯

**পরিপত্র**

**বিষয়: দেশব্যাপী ছড়িয়ে ছিটিয়ে থাকা বা বসতি স্থাপন করা অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) সনাক্তকরণে জেলা ও উপজেলা পর্যায়ে টাস্কফোর্স গঠন সংক্রান্ত।**

দেশব্যাপী ছড়িয়ে ছিটিয়ে থাকা বা বসতি স্থাপন করা অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) চিহ্নিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নোক্ত টাস্কফোর্স গঠন করা হলো:

জেলা টাস্কফোর্স (চট্রগ্রাম, কক্সবাজার ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতীত)

ক) দেশব্যাপী ছড়িয়ে ছিটিয়ে থাকা বা বসতি স্থাপন করা অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) চিহ্নিতকরণে জেলা টাস্কফোর্স (চট্রগ্রাম, কক্সবাজার ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতীত):

| | | |
|---|---|---|
| ১) | জেলা প্রশাসক | সভাপতি |
| ২) | পুলিশ সুপার | সদস্য |
| ৩) | সিভিল সার্জন | সদস্য |
| ৪) | সেক্টর কমান্ডার-এর প্রতিনিধি/কমান্ডিং অফিসার, বিজিবি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৫) | কর্নেল জিএস, ডিজিএফআই-এর প্রতিনিধি, | সদস্য |
| ৬) | যুগ্ম/উপ-পরিচালক, এনএসআই | সদস্য |
| ৭) | জেলা কমানড্যান্ট, আনসার ও ভিডিপি | সদস্য |
| ৮) | বিভাগীয় বন কর্মকর্তা | সদস্য |
| ৯) | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট) | সদস্য |
| ১০) | জেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১১) | স্টেশন কমান্ডার, কোস্ট গার্ড (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১০) | জেলা ত্রাণ ও পুনবাসন কর্মকর্তা | সদস্য |
| ১১) | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সদস্য-সচিব |

খ) কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/জনপ্রতিনিধি/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/গণ্যমান্য ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

গ) কমিটির কার্যপরিধিঃ

১) সংশ্লিষ্ট জেলায় আত্মগোপনকৃত/ ছড়িয়ে ছিটিয়ে থাকা/ বসতি স্থাপন করা (যদি থাকে) অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) সনাক্তকরণ এবং তাদের নির্দিষ্ট জেলায় নির্দিষ্ট ক্যাম্পে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

২) জন্মনিবন্ধন/ জন্মসনদ/ পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে আরো সতর্কভাবে যাচাইকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৩) প্রতি তিন মাস অন্তর সভা করা, তবে বিশেষ প্রয়োজন ও অবস্থা অনুযায়ী সভা করা;

৪) উপজেলা টাস্কফোর্সের সিদ্ধান্ত ও সুপারিশ পর্যালোচনা;

৫) প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের নিকট সুপারিশ/মতামত প্রেরণ; এবং

৬) সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ।

## উপজেলা টাস্কফোর্স

ক) দেশব্যাপী ছিটিয়ে থাকা বা বসতি স্থাপন করা অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) চিহ্নিতকরণে উপজেলা টাস্কফোর্স :

| | | |
|---|---|---|
| ১) | উপজেলা নির্বাহী অফিসার | -সভাপতি |
| ২) | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট থানা) | -সদস্য |
| ৩) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার | -সদস্য |
| ৪) | উপজেলা কৃষি অফিসার | -সদস্য |
| ৫) | উপজেলা শিক্ষা অফিসার | -সদস্য |
| ৬) | উপজেলা সমাজসেবা অফিসার | -সদস্য |
| ৭) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | -সদস্য |
| ৮) | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | -সদস্য |
| ৯) | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | -সদস্য |
| ১০) | শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | -সদস্য |
| ১১) | বিজিবির প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | -সদস্য |
| ১২) | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | -সদস্য |
| ১৩) | সহকারী কমিশনার (ভূমি) | -সদস্য-সচিব |

খ) কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/জনপ্রতিনিধি/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/গণ্যমান্য ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

গ) কমিটির কার্যপরিধি:

১) সংশ্লিষ্ট উপজেলায় আত্মগোপনকৃত/ ছড়িয়ে ছিটিয়ে থাকা/ বসতি স্থাপন করা (যদি থাকে) অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) সনাক্তকরণ এবং তাদের নির্দিষ্ট জেলায় নির্দিষ্ট ক্যাম্পে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

২) জন্মনিবন্ধন/ জন্মসনদ/ পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে আরো সতর্কভাবে যাচাইকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৩) প্রতি তিন মাস অন্তর সভা করা, তবে বিশেষ প্রয়োজন ও অবস্থা অনুযায়ী সভা করা;

৪) প্রয়োজনীয় ক্ষেত্রে সরকার/জেলা কমিটির নিকট সুপারিশ/মতামত প্রেরণ; এবং

৫) সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ।

০২। চট্রগ্রাম, কক্সবাজার ও বান্দরবান পার্বত্য জেলার ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ জানুয়ারি ২০১৭ সালের ০৪.০০.০০০০.৫২২.১২৫.০৪.১৬.৪৭ নম্বর স্মারকে উল্লিখিত কমিটি বহাল থাকবে।

১৩/১১/১৯

(তৌহিদ ইলাহী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৭১২৪৩৬২
email:cjme_sec@cabinet.gov.bd

১। জেলা প্রশাসক . . . (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার . . . (সকল)।

নম্বর-০৪.০০.০০০০.৫২২.১২৫.০৪.১৬-১২৯

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬ / ১৩ নভেম্বর ২০১৯

**অনুলিপি:**

১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ সমাজ কল্যাণ মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্বাস্থ্য সেবা বিভাগ/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/ সুরক্ষা সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪। বিভাগীয় কমিশনার . . . (সকল)

১৩/১১/১৯

(তৌহিদ ইলাহী)
সিনিয়র সহকারী সচিব